

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৯২

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মানুষদের কাছে নাজাশীর মৃত্যুসংবাদ দিয়েছিলেন সেই দিনেই, যেদিন
বাদশা নাজাশী মারা গিয়েছিলেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصِبْطَفَى صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَعَى إِلَى النَّاسِ النَّجَاشِيَّ فِي الْيَوْمِ الَّذِي تُوفِيِّي فِيهِ

আরবী

3092 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ حَدَّثَنِي ابوقلابة عَنْ عَمِّهِ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ: أَنْبَأَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ أَخَاكُمْ النَّجَاشِيَّ عُمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ: أَنْبَأَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ أَخَاكُمْ النَّجَاشِيَّ تُوفِقِي فَقُومُوا فَصَلُّوا عَلَيْهِ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَفُّوا خَلْفَهُ وَكَبَّرَ أَرْبَعًا وَهُمْ لَا يَظُنُونَ إلا أَن جنازته بين يديه.

الراوي: عِمْرَان بْن حُصَيْنٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3092 ا خلاصة حكم المحدث: صحيح

বাংলা

৩০৯২. ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের বলেন, "তোমাদের ভাই নাজাশী মারা গিয়েছেন। কাজেই তোমরা উঠ এবং তার জানাযার সালাত আদায় করো।" তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়ান আর সাহাবীগণ তাঁর পিছনে দাঁড়িয়ে কাতারবন্দি হন। তিনি চার তাকবীরে জানাযার সালাত আদায় করেন। সাহাবীদের এটাই ধারণা ছিল যে, যেন নাজাশীর লাশ তাঁর সামনে আছে।"[1]

ফটনোট

[1] তাবারানী: ১৮/৪৮২; মুসনাদ আহমাদ: ৪/৪৩৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৬২; সহীহ মুসলিম: ৯৫৩;



সুনান বাইহাকী: ৪/৫০; ইবনু মাজাহ: ১৫৩৫; তিরমিযী: ১০৩৯; নাসাঈ: ৪/৭০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩০৯২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন